তুরস্কে সড়ক দূর্ঘটনায় বাংলাদেশিসহ নিহত ১৭

তুরস্কে অবৈধ অভিবাসীবাহী একটি মিনিবাস নিয়ন্ত্রণ হারিয়ে পাহাড়ি সড়ক থেকে গভীর খাদে পড়ে অন্তত ১৭ জন নিহত হয়েছে।

বৃহস্পতিবার তুরস্কের পূর্বাঞ্চল ভ্যান শহরের সঙ্গে ওজালপ জেলার সংযোগকারী একটি সড়কে এই দুর্ঘটনা ঘটে।

দেশটির সংবাদমাধ্যম ডেইলি সাবাহর খবরে বলা হয়, নিহতদের মধ্যে বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তানের নাগরিক থাকার সম্ভাবনা রয়েছে বলে দেশটির সরকারি এক কর্মকর্তা জানিয়েছেন। তবে নিহতদের পরিচয় নিশ্চিত করতে পারেননি তিনি।

এ দুর্ঘটনায় আরো অন্তত ২০ জন আহত হয়েছে। সরকারি এক কর্মকর্তা বলেছেন এ ঘটনায় তদন্ত শুরু হয়েছে।